



বিজ্ঞপ্তি

আগামী ২০ অগ্রহায়ণ ১৪২৭ (৫ ডিসেম্বর ২০২০) শনিবার বিকাল ৩.০০ মিনিটে ওসমানী স্মৃতি মিলনায়তন, ঢাকায় বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কাউন্সিলের ৪৯তম বার্ষিক (ত্রৈবার্ষিক) সাধারণ সভায় ১ জন সভাপতি, ১ জন সহ-সভাপতি, ১ জন কোষাধ্যক্ষ এবং জাতীয় নির্বাহী কমিটিতে ৬ জন কাউন্সিলর প্রতিনিধি (যথাক্রমে খুলনা, সিলেট, কুমিল্লা, দিনাজপুর, নৌ ও এয়ার, প্রতিটি অঞ্চল থেকে ১ জন করে) নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের এবং প্রধান জাতীয় কমিশনার নিয়োগে আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত নীতিমালা ও নির্বাচনী তফসিল অনুযায়ী মনোনয়নপত্র পূরণ করে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করতে হবে।

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কাউন্সিলের ৪৯তম বার্ষিক (ত্রৈবার্ষিক) সাধারণ সভায় নির্বাচন পরিচালনার নীতিমালা :

- প্রতিটি নির্বাচন/সুপারিশযোগ্য পদের জন্য নির্ধারিত ফরমে বৈধ প্রার্থীদের মনোনয়ন করতে হবে;
- একটি মনোনয়নপত্র নূন্যতম পক্ষে একজন কাউন্সিলর কর্তৃক প্রস্তাবকৃত এবং অন্য একজন কাউন্সিলর কর্তৃক সমর্থিত হতে হবে। প্রস্তাবক, সমর্থক ও প্রার্থীর নাম এবং কাউন্সিলর নম্বর মনোনয়নপত্রে স্পষ্টভাবে লিখতে হবে ও তাঁদের স্বাক্ষর মনোনয়নপত্রে থাকতে হবে। কাউন্সিল শুরুর কমপক্ষে ১ (এক) ঘণ্টা পূর্ব পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করা যাবে। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর ও কাউন্সিল সভাস্থলের লবি থেকে নির্বাচনী তফসিল-এ বর্ণিত সময় অনুসারে মনোনয়নপত্র সংগ্রহ করা যাবে;
- মনোনয়নপত্র জমা দেয়ার পর কোন প্রার্থী ইচ্ছা করলে নির্বাচনের জন্য নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্ব পর্যন্ত তাঁর মনোনয়নপত্র প্রত্যাহার করতে পারবেন;
- মনোনীত প্রার্থীর নাম, প্রস্তাবক ও সমর্থকের নাম, কাউন্সিলর নম্বর, স্বাক্ষর ও কাউন্সিলর তালিকা অনুযায়ী যথাযথভাবে লিখিত না হলে মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে;
- একই ব্যক্তি একাধিক পদে নির্বাচন করতে পারবেন না;
- মনোনয়নপত্রে প্রার্থীর নাম, পদের নাম, প্রস্তাবক ও সমর্থকের নাম, কাউন্সিলর নম্বর না থাকলে অথবা অসম্পূর্ণ থাকলে সেই মনোনয়নটি বাতিল বলে গণ্য হবে;
- একাধিক প্রার্থী থাকলে নির্বাচন পরিচালনা পরিষদ এক ব্যক্তি এক ভোট ভিত্তিতে গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচন পরিচালনা করবেন;
- নির্বাচন পরিচালনা পরিষদের তত্ত্বাবধানে নির্বাচনের জন্য মনোনয়নপত্র, ব্যালট পেপার প্রণয়ন ও ব্যালট বাক্স তৈরী করা হবে;
- নির্বাচন পরিচালনা পরিষদের সদস্যগণ ভোট দিতে পারবেন, তবে প্রার্থী হতে পারবেন না;
- ভোট গ্রহণ শেষে নির্বাচন পরিচালনা পরিষদ ভোট গণনা করে বিজয়ী প্রার্থীদের নাম ঘোষণা করবেন;
- প্রার্থীদের পরস্পরের ভোট প্রাপ্তি সমান হলে নির্বাচন পরিচালনা পরিষদ প্রধান কর্তৃক টসের (Toss) মাধ্যমে ফলাফলের নিষ্পত্তি করা হবে।

সংযুক্তি: নির্বাচনী তফসিল: ২০২০

(অঃতারুজ জামান খান কবির)

প্রধান, নির্বাচন পরিচালনা পরিষদ

জাতীয় কাউন্সিলের ৪৯তম বার্ষিক (ত্রৈবার্ষিক) সাধারণ সভা
বাংলাদেশ স্কাউটস

পত্র নং- বা: স্কা: (প্রশা:১২৮৫)/১০৫৬(১৩৪)/২০২০

তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪২৭
২৫ নভেম্বর ২০২০

বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস;
- জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
- সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল-সম্মানিত কাউন্সিলরবৃন্দকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো;

সদয় জ্ঞাতার্থেঃ

- সভাপতি, বাংলাদেশ স্কাউটস;
- প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- সদস্য (সকল), নির্বাচন পরিচালনা পরিষদ।

২৫/১১/২০২০
(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

বাংলাদেশ স্কাউটস
জাতীয় কাউন্সিলের ৪৯তম বার্ষিক (ত্রৈবার্ষিক) সাধারণ সভা
 ৫ ডিসেম্বর ২০২০, শনিবার, বিকাল ৩.০০ মিনিট
 স্থান: গুসমানী স্মৃতি মিলনায়তন, ঢাকা

নির্বাচনী তফসিল (২০২০)

ক্রমিক	বিষয়/কার্যক্রম	তারিখ	সময়	মন্তব্য
১	মনোনয়ন পত্র বিতরণ	০৩/১২/২০২০	অফিস চলাকালীন	জাতীয় সদর দফতর প্রশাসন বিভাগে মনোনয়নপত্র পাওয়া যাবে
		০৫/১২/২০২০	সকাল ১০-০০ ঘটিকা থেকে দুপুর ১৩-০০ ঘটিকা পর্যন্ত	সভাস্থলের লবিতে মনোনয়নপত্র পাওয়া যাবে
২	মনোনয়ন পত্র জমা	০৫/১২/২০২০	দুপুর ১৪-০০ ঘটিকা পর্যন্ত	সভাস্থলে নির্বাচন পরিচালনা পরিষদের নিকট
৩	মনোনয়ন পত্র বাছাই	০৫/১২/২০২০	দুপুর ১৪-০১ ঘটিকা থেকে বিকাল ১৫-০০ ঘটিকা পর্যন্ত	৬০ মিনিট
৪	বৈধ প্রার্থীগণের নাম প্রকাশ বা ঘোষণা	০৫/১২/২০২০	বিকাল ১৭-৪৫ ঘটিকা থেকে সন্ধ্যা ১৮-০০ ঘটিকা পর্যন্ত	১৫ মিনিট
৫	মনোনয়ন পত্র প্রত্যাহার	০৫/১২/২০২০	সন্ধ্যা ১৮-০১ ঘটিকা থেকে সন্ধ্যা ১৮-১০ ঘটিকা পর্যন্ত	১০ মিনিট
৬	চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ	০৫/১২/২০২০	সন্ধ্যা ১৮-১১ ঘটিকা থেকে সন্ধ্যা ১৮-২০ ঘটিকা পর্যন্ত	১০ মিনিট
৭	ভোট গ্রহণ	০৫/১২/২০২০	সন্ধ্যা ১৮-২১ ঘটিকা থেকে সন্ধ্যা ১৯-১০ ঘটিকা পর্যন্ত	৫০ মিনিট
৮	ভোট গণনা	০৫/১২/২০২০	সন্ধ্যা ১৯-১১ ঘটিকা থেকে সন্ধ্যা ১৯-৫০ ঘটিকা পর্যন্ত	৪০ মিনিট
৯	ফলাফল ঘোষণা	০৫/১২/২০২০	সন্ধ্যা ১৯-৫১ ঘটিকা থেকে রাত ২০-০০ ঘটিকা পর্যন্ত	১০ মিনিট

বিশেষ দৃষ্টব্য : উক্ত সময়সূচি অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করা সম্ভব না হলে নির্বাচন পরিচালনা পরিষদ তাৎক্ষণিকভাবে বর্ণিত সময়সূচি সংশোধন করতে পারবেন।

(আখতারুজ্জামান খান কবির)

প্রধান, নির্বাচন পরিচালনা পরিষদ

জাতীয় কাউন্সিলের ৪৯তম বার্ষিক (ত্রৈবার্ষিক) সাধারণ সভা
 বাংলাদেশ স্কাউটস